

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৪১

পরিচ্ছেদঃ আল্লাহ্ ছাড়া অন্য কারো কসম খাওয়া হারাম।

# باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ الْحَلِفِ بِغَيْرِ اللَّهِ

#### আরবী

حَدَّتَنَا قُتَيْبَةُ، حَدَّتَنَا أَبُو خَالِدِ الأَحْمَرُ، عَنِ الْحَسَنِ بْنِ عُبَيْدِ اللَّهِ، عَنْ سَعْدِ بْنِ عُبَيْدَةَ، أَنَّ ابْنَ عُمَرَ، سَمِعَ رَجُلاً، يَقُولُ لاَ وَالْكَعْبَةِ . فَقَالَ ابْنُ عُمَرَ لاَ يُحْلَفُ بِغَيْرِ اللَّهِ فَقَدْ كَفَرَ أَوْ أَشْرَكَ " . قَالَ رَسُولَ اللَّهِ فَقَدْ كَفَرَ أَوْ أَشْرَكَ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثٌ حَسَنٌ . وَفُسِّرَ هَذَا الْحَديثُ عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ أَنَ قَوْلُهُ " فَقَدْ كَفَرَ أَوْ أَشْرُكَ " عَلَى التَّغْلِيظِ . وَالْحُجَّةُ فِي ذَلِكَ حَديثُ ابْنِ عُمَرَ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم سَمِعَ عُمَرَ يَقُولُ وَأَبِي وَأَبِي . فَقَالَ " أَلاَ إِنَّ اللَّهَ يَنْهَاكُمْ أَنْ تَحْلِفُوا بِآبَائِكُمْ " . وَحَديثُ أَبْنِ عُمَرَ أَنْ النَّبِيِّ صلى الله وَحَديثُ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله وَحَديثُ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله وَلَا الله عليه وسلم أَنَّهُ قَالَ " مَنْ قَالَ فِي حَلِفِهِ وَاللاَّتِ وَالْعُزَّى فَلْيَقُلْ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا مِثْلُ مَا رُويَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ " أَنْ الرِّيَاءَ شِرْكٌ " . وَقَدْ فَسَّرَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ هَذِهِ الآيَة : ( وَمَنْ عليه وسلم أَنَّهُ قَالَ " إِنَّ الرِّيَاءَ شِرْكٌ " . وَقَدْ فَسَّرَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ هَذِهِ الآيَة : ( وَمَنْ كَانَ يَرْجُو لِقَاءَ رَبِّهِ فَلْيَعْمَلْ عَمَلاً صَالِحًا ) الآيَةَ قَالَ لاَ يُرَبِّي فَلْيَعْمَلْ عَمَلاً عَمَلاً صَالِحًا ) الآيَةَ قَالَ لاَ يُرَائِي .

#### বাংলা

১৫৪১। কুতায়বা (রহঃ) ... সা'দ ইবনু উবায়দা (রহঃ) থেকে বর্ণিত যে, ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু জনৈক ব্যক্তিকে ''না কা'বার কসম'' বলতে শুনতে পেলেন। তখন তিনি বললেন, আল্লাহ ছাড়া অন্য কারো কসম করা যায় না। কেননা, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, যে ব্যক্তি আল্লাহ ছাড়া অন্য কারো কসম করল সে কুফরী করল বা শিরকী করল। সহীহ, ইরওয়া ২৫৬১, সহীহাহ ২০৪২, তিরমিজী হাদিস নম্বরঃ ১৫৩৫ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান। কতক আলিম এই হাদীসের ব্যাখ্যায় বলেছেন, বিষয়টির প্রতি কঠোরতা প্রদর্শনার্থেই বলা হয়েছে "সে কুফরী করল বা শিরকী করল"। এর দলীল হল ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু-এর হাদীসে আছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উমারকে "আমার পিতার কসম, আমার



পিতার কসম" বলতে শুনে তিনি বলেছিলেন, সাবধান, অবশ্যই আল্লাহ তা'আলা তোমাদের পিতার নামে কসম করতে তোমাদের নিষেধ করেছেন। (এখানে কুফরীর কথা বলা হয়নি।) এমনিভাবে আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু হাদীসে বর্ণিত আছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কেউ যদি কসম করতে যেয়ে বলে 'লাত ও উযযার' কসম তবে সে যেন বলে লা ইলাহা ইল্লাল্লাহ। এটির মর্ম সেরূপই যেমন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে যে, তিনি বলেছেন, রিয়া হল শিরক।

যে ব্যক্তি তার প্রভুর সাক্ষাতের আশা فَمَن كَانَ يَرْجُو لِقَاءَ رَبِّهِ فَلْيَعْمَلْ عَمَلًا صَالِحًا وَلَا يُشْرِكْ بِعِبَادَةِ رَبِّهِ أَحَدًا) যে ব্যক্তি তার প্রভুর সাক্ষাতের আশা করে সে যেন সৎ আমল করে। (সূরা কাহফঃ ১১০)-এই আয়াতের তাফসীরে কতক আলিম বলেন সে যেন রিয়া না করে।

### **English**

Narrated Sa'd bin 'Ubaidah:

That Ibn 'Umar heard a man saying: "No by the Ka'bah" so Ibn 'Umar said: "Nothing is sworn by other than Allah, for I heard the Messenger of Allah (ﷺ) say: 'Whoever swears by other than Allah, he has committed disbelief or shirk.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সা'দ ইবন্ 'উবাইদাহ (রহঃ)

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন